



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাধী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৪ - ৩০ জুন, ২০২৫

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	
প্রস্তাবনা	
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব	
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	

~~XXXX~~

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), স্থানীয় সরকার বিভাগের আওতাধীন একটি সংস্থা। নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়নের দায়িত্ব অর্পণ করে ১৯৩৬ সালে প্রতিষ্ঠা করা হয়। পরবর্তীতে ১৯৫৪ সালে এর সাথে যুক্ত করা হয় স্যানিটেশন সেবা প্রদানের দায়িত্ব। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা লাভের পরে সরকার প্রথমেই ধ্বংসপ্রাপ্ত পানি সরবরাহ ও স্যানিটেশন পদ্ধতি গুলো পুনর্বাসনে গুরুত্ব আরোপ এবং তৎপরবর্তীতে নতুন অবকাঠামো স্থাপন শুরু করে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। বর্তমানকালে ওয়াসার আওতাধীন এলাকা ব্যতীত সমগ্রদেশের নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ ও ব্যবস্থাপনার দায়িত্ব অধিদপ্তরের উপর ন্যস্ত। লালমনিরহাট জেলায় পল্লী ও পৌর এলাকায় সুপেয় পানি সরবরাহ এবং স্বাস্থ্য সম্মত স্যানিটেশন কার্যক্রম নির্বাহী প্রকৌশলীর কার্যালয় এবং উপজেলা সহকারী/ উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়ের মাধ্যমে বাস্তবায়ন করা হয়। উপজেলা ইউনিট উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়ের মাধ্যমে সুপেয় পানি সরবরাহ স্বাস্থ্যসম্মত স্যানিটেশন কার্যক্রম বাস্তবায়ন করা হয়। বর্তমানে লালমনিরহাট জেলাতে পানি সরবরাহ কভারেজ প্রায় ৯৬% এবং স্যানিটেশন কভারেজ প্রায় ৯৫.৬৯%। বিগত ৩ অর্থ বছরে পল্লী এলাকায় বিভিন্ন ধরনের ৫৬৭০ টি পানির উৎস ও পল্লী এলাকায় স্বল্প ব্যয়ের ০০ সেট ল্যাট্রিন হতদরিদ্র পরিবার সমূহের মধ্যে বিনা-মূল্যে বিতরণ করা হয় এবং ১২ টি কমিউনিটি টয়লেট এবং ০৪ টি পাবলিক টয়লেট নির্মাণ করা হয়েছে। এছাড়া পৌর এলাকায় ০৪ টি উৎপাদক নলকূপ ও ৩০ কিঃ মিঃ পাইপ লাইন স্থাপন করা হয়েছে। বর্তমানেও বিভিন্ন প্রকল্পের বরাদ্দ সাপেক্ষে উক্ত ধারাবাহিকতা বজায় অব্যাহত থাকবে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল বর্তমান গনতান্ত্রিক সরকার ঘোষিত প্রতি ১০ টি পরিবারের জন্য ০১ টি করে নিরাপদ পানির উৎস স্থাপন এবং ১০০% (শতকরা) স্যানিটেশন কভারেজ অর্জন। বর্তমানে লালমনিরহাট জেলায় পানি সরবরাহ কভারেজ ৯৬% এবং স্যানিটেশন কভারেজ ৯৫.৬৯%। লালমনিরহাট জেলা বাংলাদেশের উত্তরের একটি জেলা। জলবায়ু পরিবর্তনের প্রভাবে দেশের উত্তরাঞ্চলে মরু প্রবনতা দেখা দেয়ায় দিন দিন পানির স্তর নিম্নগামী হচ্ছে, সেইসাথে প্রতিবছর নিয়মিত বন্যার ফলে নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। লালমনিরহাট জেলায় খাবার পানিতে অতিরিক্ত আয়রন। এজন্য জেলায় সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরণ একটি বড় চ্যালেঞ্জ। এছাড়া লালমনিরহাট জেলার বৃহৎ অংশ দরিদ্র জনগোষ্ঠীর মানুষের বসবাস থাকায় তাদের পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা কঠিন হয়ে পড়ে। সাম্প্রতি নলকূপের পানিতে কোন কোন উপজেলাতে আসেনিকের উপস্থিতিও পাওয়া যাচ্ছে। চ্যালেঞ্জ মোকাবেলার জন্য প্রয়োজন পানি সরবরাহ ও স্যানিটেশন খাতকে বিশেষ অগ্রাধিকার প্রদান পূর্বক পৃথক বাজেট বরাদ্দ। অন্যদিকে অর্জিত অগ্রগতির স্থায়ীকরণ ও কার্যকারিতা বৃদ্ধিকরণও একটি বড় চ্যালেঞ্জ। যা মনিটরিং ও সচেতনতা বৃদ্ধির মাধ্যমে নিশ্চিত করা সম্ভব। তদুপরি পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সঠিক ব্যবহার নিশ্চিত করনের ক্ষেত্রে প্রধান অন্তরায় জনবলের স্বল্পতা ও অপ্রতুল বাজেট বরাদ্দ।

ভবিষ্যৎ পরিকল্পনা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির জন্য বেশ কিছু ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে যেমন প্রতি ১০ জনের জন্য একটি পানির উৎস স্থাপন, ভূ-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষণ, পুকুর খননের মাধ্যমে ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধিকরণ, লালমনিরহাট জেলার প্রতিটি ইউনিয়নে পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন। হাট বাজার সমূহে সুপেয় পানি ও স্বাস্থ্যসম্মত উন্নতমানের ল্যাট্রিন স্থাপন। পৌর এলাকায় FSM এর ব্যবস্থাকরণ আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নিতকরণ। স্বাস্থ্যসম্মত উন্নতমানের ল্যাট্রিনের কভারেজ বৃদ্ধিকরণ এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নিতকরণ।

২০২৪-২০২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- পল্লী এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস (অগভীর নলকূপ) স্থাপন - ১০০০ টি।
- আশ্রয়ন প্রকল্পে স্থাপিত ঘরের জন্য পানির উৎস (অগভীর নলকূপ) স্থাপন - ১৫০ টি।
- পল্লী এলাকায় কমিউনিটি ভিত্তিক ছোট আকারের পাইপ লাইন স্কীম স্থাপন - ১৩ টি।